

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট।

হাইড্রোকার্বন ইউনিট এর নভেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	আবুল খায়ের মোঃ আমিনুর রহমান মহাপরিচালক
সভার তারিখ	২০/১১/২০২২
সভার সময়	দুপুর ১২:৩০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ২০-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	<p>জ্বালানি সাশ্রয়</p> <p>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জ্বালানি সাশ্রয় সংক্রান্ত বিষয়টির অবতারণা করে বলেন, ২৫% জ্বালানি সাশ্রয় এবং এ সংক্রান্ত সাপ্তাহিক প্রতিবেদন প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। মহাপরিচালক অফিসের তিনটি গাড়ির জ্বালানি এবং বিদ্যুৎ ও পানি সাশ্রয়ের বিষয়টির উপর গুরুত্ব আরোপ করেন। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) অফিসের বিদ্যুৎ ও পানি সাশ্রয় করার জন্য নিয়মিত মনিটরিং করা হয়। মহাপরিচালক মনিটরিং কার্যক্রম চলমান রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	২৫% জ্বালানি সাশ্রয় করতে হবে।
০২।	<p>সেমিনার/ওয়ার্কশপ</p> <p>সভায় সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান ২০২২-২৩ অর্থবছরে হাইড্রোকার্বন ইউনিটের জন্য এপিএ'র ম্যানডেট অনুযায়ী ৮ টি সেমিনার করার বাধ্যবাধকতা রয়েছে। যথাসময়ে ০৮ টি সেমিনার আয়োজন করা হবে বলে মত প্রকাশ করেন। মহাপরিচালক এই মাসে Prospects of Gas Hydrates in Bangladesh শীর্ষক সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করেন।</p>	২২ নভেম্বর ২০২২ ইং তারিখে Prospects of Gas Hydrates in Bangladesh" শীর্ষক সেমিনার আয়োজন করতে হবে।

০৩।	ড্যাশবোর্ডে উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান সপ্তাহে একদিন ড্যাশবোর্ড হালনাগাদ করা হয়। এছাড়া ওয়েবসাইটও হালনাগাদ করা হয়। মহাপরিচালক মহোদয় হাইড্রোকার্বন ইউনিট এর ড্যাশবোর্ডটি টেকনিক্যালি আপডেট করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন। এছাড়াও হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক ইতোমধ্যে বাস্তবায়িত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য অন্তর্বর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড হালনাগাদকরণের নিমিত্তে TOR প্রস্তুতকরণের বিষয়ে আলোচনা হয়।	হাইড্রোকার্বন ইউনিট এর ড্যাশবোর্ডটি টেকনিক্যালি আরো আপডেট করতে হবে।
০৪।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি- উপপরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান ১ম কোয়ার্টারে হাইড্রোকার্বন ইউনিটের এপিএ সংক্রান্ত তথ্যাদি এপিএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে। মহাপরিচালক দ্বিতীয় কোয়ার্টারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে উদ্দেশ্যে প্রকল্প পরিদর্শনের বিষয়ে মতপ্রকাশ করেন।	প্রকল্প পরিদর্শন করতে হবে।
০৫।	ইনোভেশন ইনোভেশন সংক্রান্ত আলোচনা ও অগ্রগতি সম্পর্কে সহকারী পরিচালক (পরিকল্পনা) জনাব মোঃ নাজমুল হক বলেন, ১ম কোয়ার্টারে ইনোভেশন কার্যক্রমে নির্দেশিত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মহাপরিচালক দ্বিতীয় কোয়ার্টারে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সংক্রান্ত কর্মশালা আয়োজন করার বিষয়ে আলোচনা করেন।	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সংক্রান্ত কর্মশালা আয়োজন করতে হবে।
০৬।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা: সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জনাব, ১ম কোয়ার্টারে শুদ্ধাচার কার্যক্রমে নির্দেশিত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মহাপরিচালক শুদ্ধাচার পরিকল্পনার অংশ হিসেবে অকেজো মালামাল নিষ্পত্তিকরণ বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।	অকেজো মালামাল নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৭।	তথ্য অধিকার ও জিআরস এবং সিটিজেন চার্টার তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং জি আর এস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ এবং এ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম আপডেট রাখার বিষয়ে আলোচনা হয়।	তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং জি আর এস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
০৮।	ই- নথি: সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জনাব দেবব্রত দাস উপস্থাপন করেন যে, হাইড্রোকার্বন ইউনিটের অধিকাংশ কার্যক্রমই ই-নথির মাধ্যমে পরিচালিত হয়। হার্ড কপিতে কোন পত্র নিষ্পন্ন করা হলেও তার রেকর্ড রাখা হচ্ছে। তিনি আরো বলেন, মহাপরিচালক পত্র অনুমোদন করার সাপেক্ষে পরিচালক কর্তৃক পত্রজারি করা হচ্ছে।	হার্ডকপিতে পত্র নিষ্পন্ন করলে তার যথাযথ রেকর্ড রাখতে হবে।
০৯।	বিবিধ মহাপরিচালক সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করেন। তিনি সকলকে যথাসময়ে অফিসে আসা এবং অফিস ত্যাগের জন্য নির্দেশনা প্রদান করেন।	স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০১.২০.৫৮১

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৯

২০ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) সহকারী পরিচালক (অনুসন্ধান), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৮) হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯) অফিস কপি।



আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
মহাপরিচালক